POLICE CALL · নভেম্বর ২০২৬

পুলিশ পরিচয়ে call এলে কী করবেন

কেউ নিজেকে পুলিশ বা DB পরিচয় দিয়ে call করে, আপনার সাম্প্রতিক লেনদেনের তারিখ, সময়, টাকার অঙ্ক বলে দেয়, তারপর মামলার ভয় দেখিয়ে OTP বা link চায়। নিচে কী ঘটছে, ওরা আপনার তথ্য কোথায় পায়, আর ঠিক কী করবেন।

01 call টা যেভাবে চলে

1. "পুলিশ সদর দপ্তর" বা থানা পরিচয়ে call।
2. বিশ্বাস জমাতে আপনার সাম্প্রতিক লেনদেনের তারিখ, সময়, টাকার অঙ্ক বলে দেয়।
3. ভয় দেখায়: আপনার নামে মামলা, বা আপনার নম্বর এক আসামির নম্বরের সাথে মিলেছে।
4. bKash এর OTP চায়, বা একটা link পাঠায়। OTP দিলেই account থেকে টাকা উধাও।

Star News, ১৩ অক্টোবর ২০২৬। ডিএমপির উপ-পুলিশ কমিশনার (মিডিয়া) মো. আখতার হোসেন সেখানে বলেছেন, ডিএমপি এমন OTP বা link পাঠায় না এবং কারো কাছে OTP চায় না।

02 ওরা আপনার তথ্য কোথায় পায়

Fact-check প্ল্যাটফর্ম Dismislab নিজেরা ক্রেতা সেজে এসব তথ্য কিনে দেখেছে:

৳500
একটা mobile নম্বর দিয়ে পুরো NID কপি, ১৭ মিনিটে

১৬ মিনিট
নম্বরটা শেষ কখন সক্রিয়, কোন tower এর কাছে

৳1,050
একটা Grameenphone নম্বরের ৩ মাসের call record

অন্তত ১০টা website এসব খোলাখুলি বিক্রি করছিল, আর ১৫ জুন থেকে ১৫ জুলাই ২০২৬, এক মাসে Facebook এ ৬০০ এর বেশি বিজ্ঞাপন পাওয়া গেছে। (Dhaka Tribune, ১ সেপ্টেম্বর ২০২৬; The Financial Express, ২ সেপ্টেম্বর ২০২৬।)

> **মানে:** কেউ আপনার নাম, NID, ঠিকানা বা লেনদেন বলে দিলেই প্রমাণ হয় না যে সে পুলিশ। এই তথ্য টাকা দিয়ে কেনা যায়।

03 শুধু ফোনে না

Savar এর কলমায় দুইজন DB কর্মকর্তা পরিচয় দিয়ে এক নারীর আঙুলের ছাপ নেয় mobile phone এ। অভিযোগ, সেই ছাপ দিয়ে তাঁর bKash থেকে ৭ লাখ টাকা তোলা হয়, যেটা তাঁর ছেলের টাকা। এলাকার মানুষের সন্দেহ হলে তাঁরা স্থানীয় DB অফিসে খোঁজ নিয়ে দেখেন, এই নামে কোনো কর্মকর্তা নেই, আর দুজনকে পুলিশের হাতে দেন। (UNB, ২১ জুলাই ২০২৬।)

04 যা করবেন

১

OTP, PIN, আঙুলের ছাপ কাউকে না

পুলিশ, DB, bKash, যে পরিচয়ই দিক। নিজে যেখানে গিয়েছেন সেখানে ছাড়া কোনো phone বা machine এ ছাপ দেবেন না।

২

মামলার কথা বললে call কেটে দিন

নিজে **999** এ call করে, বা থানায় গিয়ে মিলিয়ে নিন। যে নম্বর থেকে call এসেছে, সেখানে ফিরতি call করে যাচাই হয় না।

৩

অচেনা link এ click না

call বা SMS এ আসা link খুলবেন না, ওখানে কোনো code বা PIN দেবেন না।

৪

ভুল করে OTP দিয়ে ফেললে

সাথে সাথে bKash এর helpline **16247** এ call করে PIN বদলান। তারপর থানায় বা সাইবার পুলিশের কাছে অভিযোগ করুন।

call এ যা বলবেন: "আমি নিজে থানায় যোগাযোগ করব।" তারপর call কেটে দিন। আর কিছু বলার দরকার নেই।

05 বাসায় একবার বলে রাখুন

এই call এ সবচেয়ে বেশি ভয় পান বাসার বড়রা। আজই আব্বু আম্মুকে বলুন: পুলিশ phone এ OTP চায় না, মামলার কথা শুনে টাকা বা code দেওয়ার আগে আপনাকে একবার call করতে।

06 সূত্র

- Star News, ১৩ অক্টোবর ২০২৬: starnews.com.bd/national/26231/posing-as-police-over-the-phone-how-fraud-rings-siphon-off-money-via-bkash.html
- Dhaka Tribune, ১ সেপ্টেম্বর ২০২৬: dhakatribune.com/bangladesh/418858/nid-call-records-and-location-are-being-sold
- The Financial Express, ২ সেপ্টেম্বর ২০২৬: thefinancialexpress.com.bd/sci-tech/nid-in-17-minutes-location-in-16-report-finds-bangladeshis-personal-data-sold-as-commodity
- UNB, ২১ জুলাই ২০২৬: unb.com.bd/category/Bangladesh/fake-db-duo-held-in-savar-over-alleged-tk-7-lakh-bkash-fraud/191224